

বাজিতপুর পৌরসভা কার্যালয়

বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্থাপিত- ১৮৬৯ খ্রিঃ

ফোন নং- ০২-৯৯৭৭৬৩৯৩২, ০২-৯৯৭৭৬৩৯৩৪

web: www.bajitpurpourashava.gov.bd E-mail: bajitpurpourashava@gmail.com

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- বাজিঃ/পৌঃ/প্রকৌঃ/২০২৩-১৩৬

তারিখ : ২৩/০৭/২০২৩ খ্রিঃ।

ঠিকাদারী লাইসেন্স নতুন ও নবায়ন তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট বাজিতপুর পৌরসভার সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিপিআর ২০০৮ (এর সর্বশেষ সংশোধনী) নির্দেশ মোতাবেক বাজিতপুর পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিম্নোবর্ণিত তথ্যাবলী ও শর্ত সাপেক্ষে ঠিকাদারী লাইসেন্স তালিকাভুক্তির নির্ধারিত ফরমে আবেদন ও পুরাতন ঠিকাদারী লাইসেন্স নবায়নের জন্য আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত ফি সমূহ বিডি/সিডি/পে-অর্ডার আকারে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে “মেয়র, বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ” বরাবরে দাখিল করিতে হবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে বাজিতপুর পৌরসভা কার্যালয়ের প্রকৌশল শাখা হতে জানা যাবে।

তথ্য ও শর্তাবলী সমূহ নিম্নরূপ :

- ১) ঠিকাদারী লাইসেন্স নতুন তালিকা ভুক্তির জন্য আবেদন ফরমের মূল্য (অফেরৎ যোগ্য) ৫০০.০০ (পাঁচশত) টাকা।
- ২) ঠিকাদারী লাইসেন্স নতুন তালিকা ভুক্তির জন্য আবেদন ফরমের শর্তাবলী পূরণ করতে হবে।
- ৩) জরিমানা ছাড়া ঠিকাদারী লাইসেন্স নবায়নের শেষ তারিখ ৩০ শে সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।
- ৪) ৫০% জরিমানা সহ ঠিকাদারী লাইসেন্স নবায়নের শেষ তারিখ ৩০ শে ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।
- ৫) ১০০% জরিমানা সহ ঠিকাদারী লাইসেন্স নবায়নের শেষ তারিখ ৩১ শে মে, ২০২৪ খ্রিঃ।
- ৬) ঠিকাদারী লাইসেন্স নতুন গ্রহণ বা নবায়নের জন্য হালনাগাদ ভ্যাট, আয়কর ও ট্রেড লাইসেন্স এবং ন্যাশনাল আই.ডি- এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৭) ঠিকাদারী লাইসেন্স নতুন বা নবায়নের “ফি” নিম্নে বর্ণিত ছক মোতাবেক পরিশোধ করতে হবে।

ক্রঃ নং	ঠিকাদারী লাইসেন্স ফি (নতুন)	ঠিকাদারী লাইসেন্স ফি (নবায়ন)	ট্রেড লাইসেন্স ফি (নতুন/নবায়ন)	মন্তব্য
১	২	৩	৪	৫
০১	৫,০০০.০০	২,০০০.০০	২,০০০.০০	

উল্লিখিত ফি এর সাথে বিধি মোতাবেক আয়কর ৫০০.০০ (পাঁচশত) টাকা ও ভ্যাট ১৫% (শতকরা পনের ভাগ) পরিশোধ করতে হবে।


(মোঃ আনোয়ার হোসেন)

মেয়র
বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।

স্মারক নং- বাজিঃ/পৌঃ/প্রকৌঃ/২০২৩-১৩৬

তারিখ : ২৩/০৭/২০২৩ খ্রিঃ।

অনুলিপি:- সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হইল।

- ০১। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ১০০০।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, বাজিতপুর উপজেলা, কিশোরগঞ্জ।
- ০৫। কাউন্সিলর (সকল), বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ০৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাজিতপুর উপজেলা, কিশোরগঞ্জ।
- ০৭। সহকারী প্রকৌশলী, বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ০৮। পৌর নির্বাহী কর্মকর্তা, বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ০৯। উপ-সহকারী প্রকৌশলী, বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ১০। হিসাব রক্ষক, বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ১১। ঠিকাদার (সকল), বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ১২। সম্পাদক/বিজ্ঞাপন ব্যবস্থাপক “দৈনিক পূর্বকণ্ঠ” ভৈরব, কিশোরগঞ্জ। (বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় স্বল্প পরিসরে যে কোন পাতায় ৫ ইঞ্চি ও কলাম সাইজে আগামী খ্রিঃ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
- ১৩। নোটিশ বোর্ড এবং ওয়েব সাইট (www.bajitpurpourashava.gov.bd), বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।
- ১৪। অফিস কপি।


(মোঃ আনোয়ার হোসেন)

মেয়র
বাজিতপুর পৌরসভা, কিশোরগঞ্জ।